303

দৈনিক ইনকিলাব

তারিখ ... JUL. 1 6 1999
পৃঃ ৫ কলাম ৮

## মাদ্রাসা ছাত্রদের ঢাকা বিশ্ববিদ্যালয়ে ভর্তি প্রসঙ্গে

গত ২৯ মে, ১৯৯৯ সালে একটি দৈনিক সংবাদপত্রে প্রকাশিত খবরে দেখা যায় যে, চলতি শিক্ষাবর্ষে ঢাকা বিশ্ববিদ্যালয়ে কোন ঘোষণা বা একাডেমিক পরিষদের সিদ্ধান্ত ছাড়াই ভর্তি পরীক্ষার মেধাস্থান অর্জনকারী মাদ্রাসা পাস (আলিম পাস) ছাত্র-ছাত্রীদের ইংরেজী, অর্থনীতি, গণযোগাযোগ ও সাংবাদিকতা, সমাজবিজ্ঞান ও সমাজকল্যাণ বিভাগে ভর্তি করছে না। ঢাকা বিশ্ববিদ্যালয়ের এই ধরনের কর্মকাণ্ডে আমরা দেশবাসী গভীরভাবে মর্মাহত হয়েছি।

মাদ্রাসার ছাত্র-ছাত্রীরা বাংলাদেশের নাগরিক। তাদের ঢাকা বিশ্ববিদ্যালয়ে পড়ার অধিকার রয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের এই কাজ হচ্ছে যারা ইসলামী শিক্ষা গ্রহণ করেছে তাদের অন্যান্য শিক্ষা থেকে বঞ্চিত করা এবং তাদের জ্ঞানহীনতার অন্ধকারে ছুঁড়ে মারা। এটা নিঃসন্দেহে অমানবিক ও অনৈতিক। এতে ইসলামের প্রতি গভীর বিরাগ প্রকাশ পায়।

আমরা ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষকে এ ব্যাপারে তদন্ত করার অনুরোধ জানাচ্ছি।

—ফারহানা আক্তার,
২৩৬,পশ্চিম ধানমণ্ডি,
মধুবাজার, ঢাকা-১২০৯।